

তারিখ : 27/04/2016

**ক্যাপিটাল স্মল ফিনান্স ব্যাংক লিমিটেড কাজ শুরু করল**

ভারতীয় রিজার্ভ ব্যাংক আজ বিজ্ঞাপিত করেছে যে ক্যাপিটাল স্মল ফিনান্স ব্যাংক লিমিটেড এপ্রিল 24, 2016 তারিখ থেকে স্মল ফিনান্স ব্যাংক (এস এফ বি) হিসাবে কাজ করতে শুরু করেছে। ব্যাংকিং রেগুলেশন অ্যাক্ট, 1949-এর ধারা 22(1)-এর অধীনে রিজার্ভ ব্যাংক স্মল ফিনান্স ব্যাংক হিসাবে কাজ করার অনুমোদন পত্র জারি করেছে।

পূর্বকালীন ক্যাপিটাল লোকাল এরিয়া ব্যাংককে রূপান্তরিত করে স্মল ফিনান্স ব্যাংক প্রতিষ্ঠা করা হয়েছে। সুতরাং, ক্যাপিটাল লোকাল এরিয়া ব্যাংক বিলুপ্ত হয়েছে। এপ্রিল 24, 2016 তারিখ থেকে রিজার্ভ ব্যাংক ঘোষিত **সেপ্টেম্বর 16, 2015 তারিখাঙ্কিত প্রেস প্রকাশনী** অনুসারে স্মল ফিনান্স ব্যাংক প্রতিষ্ঠা করার জন্য প্রাপ্ত 10 আবেদনকারীর মধ্যে ক্যাপিটাল লোকাল এরিয়া ব্যাংক একটি, যাকে নৈতিক অনুমোদন দেওয়া হয়েছে।

আল্পনা কিল্লাওয়াল  
মুখ্য উপদেষ্টা (প্রিন্সিপাল অ্যাডভাইসার)

**প্রেস প্রকাশনী: 2015-2016/2511**